

## যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৭৪২

১/ বিবিধ

আরবী

عاقبوا أرقاءكم على قدر عقولهم  
باطل

رواه عبد الرحمن بن نصر الدمشقي في " الفوائد " ( 2 / 230 / 1 ) وتمام في " الفوائد " ( 2 / 207 ) وابن عساكر في " التاريخ " ( 10 / 268 / 1 ) من طريق الدارقطني وغيره عن سليمان بن عبد الرحمن: أخبرنا عبد الملك بن مهران عن عبيد بن نجيح عن هشام بن عروة عن أبيه عن عائشة مرفوعا.

وقال الدارقطني: " تفرد به عبيد بن نجيح عن هشام، وتفرد به سليمان بن عبد الملك عنه ". قلت: وعبد الملك بن مهران قال فيه العقيلي في " الضعفاء " ( ص 248 ): " صاحب مناكير، غلب على حديثه الوهم، لا يقيم شيئا من الحديث ". ثم ساق له أحاديث ثم قال: " كلها ليس لها أصل، ولا يعرف منها شيء من وجه يصح ". وساق له ابن عدي في " الكامل " ( 1 / 316 ) حديثا وقال: " متنه منكر، وله غير ما ذكرت وهو مجهول ليس بالمعروف ". وروى ابن عساكر عن ابن السكن أنه قال فيه: " منكر الحديث ". وعن ابن أبي حاتم: أنه مجهول، وذكر له الذهبي حديثين قال: " إنهما باطلان " وما أرى أنا إلا أن هذا الحديث من أباطيله. وقد أورده السيوطي في " الجامع " فأساء، ولم يتكلم عليه شارحه المناوي بشيء

বাংলা

৭৪২। তোমরা তোমাদের দাসদেরকে তাদের বিবেক মাফিক শান্তি দাও।

হাদীছটি বাতিল।

এটি আব্দুর রহমান ইবনু নাসর আদ-দামেস্কী “আল-ফাওয়ায়েদ” (২/২৩০/১) গ্রন্থে, তাম্মাম “আল-ফাওয়ায়েদ” (২/২০৭) গ্রন্থে এবং ইবনু আসাকির “আত-তারীখ” (১০/২৬৮/১) গ্রন্থে দারাকুতনী ও অন্য বিদ্বানগণের তিনি ওবায়়েদ ইবনু নাযীহ হতে তিনি হিশাম ইবনু উরওয়াহ হতে ... বর্ণনা করেছেন। দারাকুতনী বলেনঃ ওবায়়েদ ইবনু নাযীহ হিশাম হতে এককভাবে বর্ণনা করেছেন। সুলায়মানও আব্দুল মালেক হতে এককভাবে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ আব্দুল মালেক ইবনু মিহরান সম্পর্কে উকায়লী “আয-যোয়াফা” (পৃঃ ২৪৮) গ্রন্থে বলেনঃ তিনি বহু মুনকারের অধিকারী। তার হাদীছের উপর সন্দেহ প্রাধান্য বিস্তার করেছে। তার কোন হাদীছই সাব্যস্ত হয়নি।

অতঃপর তিনি তার কতিপয় হাদীছ উল্লেখ করে বলেছেনঃ সে সবগুলোই ভিত্তিহীন। সে সবেবের কোনটিই সহীহ সূত্রে জানা যায় না।

ইবনু আদী “আল-কামিল” (১/৩১৬) গ্রন্থে একটি হাদীছ উল্লেখ করে বলেছেনঃ ভাষাটি মুনকার, এ ছাড়াও তার আরো হাদীছ রয়েছে। তিনি মাজহুল, পরিচিত নন।

ইবনু আসাকির ইবনু সাকান হতে বর্ণনা করেছেন, তিনি বলেনঃ আব্দুল মালেক মুনকারুল হাদীছ। ইবনু আবী হাতিম বলেনঃ তিনি মাজহুল। হাফিয যাহাবী তার দুটি হাদীছ উল্লেখ করে বলেছেনঃ দু’টিই বাতিল। আমি সিদ্ধান্ত দিচ্ছি যে, তার এ হাদীছটি তার বাতিলগুলোর অন্তর্ভুক্ত। হাফিয সুয়ূতী হাদীছটি “আল-জামে” গ্রন্থে উল্লেখ করে ক্রটি করেছেন।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=71621>

📌 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন